**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**আঞ্চলিক তথ্য অফিস, পিআইডি, খুলনা**

**সংবাদকক্ষঃ ০২৪৭৭-৭২০৭৪৯ :Email: khulnapid@gmail.com :Facebook ID : pidkhulna**

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিক সমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

৬৩/২০২৩

খুলনা, সোমবার ২ অক্টোবর ২০২৩, ১৬ রবিউল আউয়াল ১৪৪৫, ১৭ আশ্বিন ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকা গুলোর প্রধান খবর ও সম্পাদকীয়:

**১. কয়রায় বেড়িবাঁধ সংস্কার নিয়ে দাপ্তরিক টানাটানি, ভোগান্তিতে উপকূলীয় মানুষ**

**২. শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী করতে প্রত্যেক ওয়ার্ডকে শক্তিশালী করতে হবে: কেসিসি মেয়র**

৩. বাল্যবিবাহ রোধে নারীদের শিক্ষা অর্জনের বিকল্প নেই: জেলা প্রশাসক

**৪. আন্তর্জাতিক প্রবীণ দিবস পালিত**

**৫. খুলনাসহ পাঁচ বিভাগে ভারি বৃষ্টির সম্ভাবনা**

**৬. খুমেক হাসপাতালে আরও এক ডেঙ্গু রোগীর মৃত্যু**

**১. কয়রায় বেড়িবাঁধ সংস্কার নিয়ে দাপ্তরিক টানাটানি, ভোগান্তিতে উপকূলীয় মানুষ**

**প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকির মধ্যে থাকা খুলনার উপকূলীয় উপজেলা কয়রার বেড়িবাঁধ সংস্কার নিয়ে দাপ্তরিক জটিলতা কাটেনি। খুলনা ও সাতক্ষীরা দুই জেলার পাউবোর কার্যালয়ের রশি টানাটানিতে দুর্ভোগে পড়ছেন কয়রার বাসিন্দারা। বিশেষ করে জরুরি ভিত্তিতে বাঁধ মেরামতের প্রয়োজন দেখা দিলে তা করা সম্ভব হয় না। সূত্র-দৈনিক খুলনা**

**২. শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী করতে প্রত্যেক ওয়ার্ডকে শক্তিশালী করতে হবে: কেসিসি মেয়র**

গতকাল রবিবার বাদ মাগরিব দলীয় কার্যালয়ে খুলনা মহানগর আওয়ামী লীগ আয়োজিত সভায় সভাপতির বক্তৃতায় কেসিসি মেয়র তালুকদার আব্দুল খালেক বলেন, শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী করতে প্রত্যেক ওয়ার্ডকে শক্তিশালী করতে হবে। সূত্র- দেশ সংযোগ, প্রবাহ**, সময়ের খরব,** দক্ষিণাঞ্চল প্রতিদিন**, দৈনিক খুলনা,** দৈনিক তথ্য, অনির্বাণ, খুলনা টাইমস, বাংলার খবর।

৩. বাল্যবিবাহ রোধে নারীদের শিক্ষা অর্জনের বিকল্প নেই: জেলা প্রশাসক

গতকাল দিঘলিয়া উপজেলা প্রশাসন আয়োজিত বাল্যবিবাহ ও যৌতুক নিরোধ, সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা, মাদকাসক্তি ও জঙ্গিবাদ নির্মূল এবং সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহাররোধে এম এ মজিদ মডেল মাধ্যমিক বিদ্যালয়ে সচেতনতামূলক সভায় জেলা প্রশাসক খন্দকার ইয়াসির আরেফীন বলেন, বাল্যবিবাহ রোধে নারীদের শিক্ষা অর্জনের বিকল্প নেই। সূত্র-দেশ সংযোগ, অনির্বাণ, খুলনা টাইমস।

**৪. আন্তর্জাতিক প্রবীণ দিবস পালিত**

'সর্বজনীন মানবাধিকার ঘোষণায় প্রবীণদের জন্যে প্রদত্ত প্রতিশ্রুতি পূরণে প্রজন্মের ভূমিকা' এই প্রতিপাদ্য নিয়ে খুলনায় ৩৩তম আন্তর্জাতিক প্রবীণ দিবস পালিত হয়। দিবসটি উপলক্ষে গতকাল সকালে খুলনা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে আলোচনা সভায় অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) পুলক কুমার মন্ডল। খুলনা জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক খান মোতাহার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন বীর মুক্তিযোদ্ধা মোঃ আলমগীর কবির, সরদার মাহাবুবার রহমান, সাবেক সিভিল সার্জন ডাঃ মোঃ মুরিদ আলী, রূপান্তরের নির্বাহী পরিচালক স্বপন কুমার গুহ প্রমুখ। খুলনা জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা কার্যালয় যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। **সূত্র- তথ্যবিবরণী,** পূর্বাঞ্চল, জন্মভূমি, দেশ সংযোগ, প্রবাহ**,** দক্ষিণাঞ্চল প্রতিদিন, প্রবর্তন, দৈনিক খুলনা, দৈনিক তথ্য, অনির্বাণ, **ভয়েজ অব টাইগার,।**

**৫. খুলনাসহ পাঁচ বিভাগে ভারি বৃষ্টির সম্ভাবনা**

**দেশের সব বিভাগে বৃষ্টির আভাস দিয়ে আবহাওয়া অধিদপ্তর বলেছে, কোথাও কোথাও হতে পারে মাঝারি ধরনের ভারি থেকে ভারি বর্ষণ। রাষ্ট্রীয় সংস্থাটি রোববার সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসে এমন বার্তা দিয়েছে। সূত্র- প্রবাহ, সময়ের খরব,** দক্ষিণাঞ্চল প্রতিদিন,**ভয়েজ অব টাইগার।**

**৬. খুমেক হাসপাতালে আরও এক ডেঙ্গু রোগীর মৃত্যু**

খুমেক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আরও এক ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। খুমেক হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা: সুহাস রঞ্জন হালদার এটি নিশ্চিত করেছেন। সূত্র-পূর্বাঞ্চল, জন্মভূমি, প্রবর্তন, দৈনিক তথ্য, অনির্বাণ।

## সম্পাদকীয়

**দৈনিক পূর্বাঞ্চল:শিশু সুরক্ষায় জলবায়ু ঝুঁকিকে গুরুত্ব দিন। অনাদিকাল হতেই বাংলাদেশ দুর্যোগপূর্ণ দেশ। ভৌগোলিক অবস্থার এর অন্যতম কারণ। বাংলাদেশের উত্তরে বিশাল হিমালয় এবং দক্ষিণে বঙ্গোপসাগর। জলবায়ু পরিবর্তনে যেসব রোগের প্রাদুর্ভাব বেড়েছে তার ৮৫ ভাগের শিকার হচ্ছে শিশুরা। তাই শিশু সুরক্ষায় জলবায়ু ঝুঁকিকে গুরুত্ব দিতে হবে বলে আমরা মনে করি।**

**দৈনিক জন্মভূমি,** দৈনিক খুলনা: ডেঙ্গুর টিকা উদ্ভাবন:গবেষক দলকে অভিনন্দন। ডেঙ্গুর টিকা দ্রুত কার্যকর হোক। হন্তারক ব্যাধি ডেঙ্গু প্রতিরোধের ক্ষেত্রে আশাব্যঞ্জক খবর পাওয়া গেছে। আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্রের ভারমন্ট বিশ্ববিদ্যালয়ে লার্নার কলেজ অব মেডিসিনের একদল গবেষক ডেঙ্গু প্রতিরোধে সক্ষম টিকা টিভি-০০৫ এর দ্বিতীয় ধাপের পরীক্ষা সহজভাবে সম্পন্ন করেছেন।

দেশ সংযোগ: কয়রার ক্ষতিগ্রস্ত সড়ক সংস্কার করুন, ভোগান্তি থেকে মুক্তি দিন। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনপদে সড়ক সংস্কারের অনেক প্রকল্প নেওয়া হয়, বরাদ্দ হয় বিপুল টাকা। কিন্তু সেসব প্রকল্প কি ঠিকঠাক বাস্তবায়িত হয়? অনেক সময় কাজ না করেই উধাও হয়ে যান ঠিকাদার।

**প্রবাহ**: নিয়ন্ত্রণে আসছে না নিত্যপন্যের দাম। সরকারের নানামুখী পদক্ষেপের পরেও বাজারে সংকট কাটছে না। বাড়তি দামেই বিক্রি হচ্ছে প্রায় সব নিত্যপণ্য। ডিম, আলু ও পেঁয়াজের দাম নিয়ন্ত্রণে রাখতে সরকার এক পর্যায়ে দাম নির্ধারণ করে দেয়।

সময়ের খবর: ক্ষতিগ্রস্ত সড়ক সংস্কার করুন, ভোগান্তি থেকে মুক্তি দিন। প্রকৃতির রুদ্রারোষে দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনপদে সড়ক সংস্কারে অনেক প্রকল্প নেওয়া হয়, বরাদ্দ হয় বিপুল টাকা। কিন্তু সেসব প্রকল্প কি ঠিকঠাক বাস্তবায়িত হয়? অনেক সময় কাজ না করেই উধাও হয়ে যান ঠিকাদার।

প্রবর্তন, দৈনিক তথ্য: কমছে টাকার মান বাড়ছে ভোগান্তি। টাকার মান নির্ধারণ হয় টাকার ক্রয়ক্ষমতা দিয়ে। দ্রব্যের দামের সাথে টাকার মানের সম্পর্ক বিপরীত। দ্রব্যের দাম কমলে টাকার মান বাড়ে, বিপরীত ক্রমে দ্রব্যের দাম বাড়লে টাকার মান কমে।

ভয়েজ অব টাইগার: চিকিৎসার সুযোগ বাড়াতে হবে। কিডনি রোগ সারা পৃথিবীতেই বাড়ছে। বাংলাদেশেও বাড়ছে। কিডনি রোগের প্রাদুর্ভাব বিবেচনায় বিশ্বে বাংলাদেশ দশম স্থানে রয়েছে। বাড়ছে মৃত্যুর সংখ্যাও। কিডনি বিশেষজ্ঞরা মনে করেন, কিডনি প্রতিস্থাপনের সুযোগ-সুবিধা তৈরি করতে হবে।

খুলনা টাইমস: অর্থনৈতিক উন্নয়নে উৎপাদনশীলতা বৃদ্ধির বিকল্প নেই। জাতীয় পর্যায়ে সচেতনতা সৃষ্টির মাধ্যমে দেশের শিল্প, কৃষি ও সেবাসহ বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বাড়ানোর লক্ষ্যে ২০১১ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২ অক্টোবর উৎপাদনশীলতা দিবসটি ঘোষণা দেন এবং বাংলাদেশে ২০১২ সাল থেকে প্রতিবছর জাতীয় উৎপাদনশীলতা দিবস পালিত হয়ে আসছে।

**প্রবন্ধ/নিবন্ধ**

১. এগিয়ে যাচ্ছে প্রাথমিক শিক্ষা-মো. মনিরুজ্জামান-জন্মভূমি

২. ব্যক্তিগত তথ্যাদির সুরক্ষা-মো: মেহেদী হাসান- দক্ষিণাঞ্চল প্রতিদিন, দৈনিক তথ্য, খুলনা টাইমস

৩. প্রাথমিক শিক্ষার উন্নয়নে প্রধানমন্ত্রীর নানা পদক্ষেপ-মো. মনিরুজ্জামান-প্রবর্তন

৪. ক্ষমতা, সমাজ ও শিক্ষকতা-রাজু আহমেদ-প্রবর্তন

৫. বাঙালির বাল্য শিশুশিক্ষা ভাবনা রবীন্দ্রনাথ থেকে শেখ হাসিনা-জাফর ওয়াজেদ-দৈনিক খুলনা,অনির্বাণ

৬. নদী আমাদের জাতীয় সম্পদ-প্রকাশ ঘোষ বিধান-বাংলার খবর

-০০০-

**যুথি/আতিক**